উপজেলা পরিষদ

শরণখোলা, বাগেরহাট।

## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রায়হান উদ্দিন শান্ত, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।

তারিখ ঃ ১২ মে, ২০২২ খ্রিঃ

সময় ঃ সকাল ১১.০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে) যথাক্রমে পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য।

শরণখোলা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব উপস্থাপিত না হওয়ায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | উপজেলা প্রকৌশল দপ্তর | ১.১. সভায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের অর্থ হতে উন্নয়নমূলক কাজ করার লক্ষ্যে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভার কার্যবিরণীর পরিশিষ্ট 'গ' ও 'ঘ' এবং 'ঙ' এ অনুমোদিত প্রকল্প প্রস্তাবসমূহ দ্রুত ভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১.১.১. সভায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলে প্রাপ্ত অর্থ হতে উন্নয়নমূলক কাজ করার লক্ষ্যে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভার কার্যবিরণীর পরিশিষ্ট 'গ' ও 'ঘ' এবং 'ঙ' এ অনুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের কাজ আগামী ১৫/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়নের সর্ব সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী শরণখোলা, বাগেরহাট। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ২.১. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শরণখোলা বলেন, উপজেলা স্বাস্থ্য কম্পেলেক্সের মধ্যে বেসরকারী এ্যাম্বুলেন্স যত্রতত্র রাখার করনে দ্রুত সময়ে রোগীদের যাতায়াত বিঘ্নসহ নানা বিশৃঙ্খলা সৃষ্টি হয়। তাই প্রয়োজনীয় করণীয় সভায় আলোচনা করা হয়। এছাড়া কম্পেলেক্সের অভ্যন্তরের পুকুরের পানি দুষিত হওয়ায় পুকুরের চার পাশের গাছের ডাল ছাটাই করার বিষয়ে সভায় আলোচনাক করা হয়। | ২.১.১. উপজেলা স্বাস্থ্য কম্পেলেক্সের মধ্যে বেসরকারী এ্যাম্বুলেন্স না রাখার প্রয়োজনীয় করণীয় সম্পর্কে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা কৃষি অফিস | ৩.১.উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, এ মৌসুমে শরণখোলা উপজেলায় ১০০০ হেক্টর জমিতে আউশ ধান রোপনের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ২০০ জন কৃষকদের মাধ্যে বীজ সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩.১.১. শরণখোলা উপজেলায় এ মৌসুমে ১০০০ হেক্টর জমিতে আউশ ধান রোপন এবং কৃষি ও মানুষের জীবন-জীবিকার সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ খাল খননের প্রয়োজনীয় করণীয় বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, শরণখোলা ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিস | ৪.১. সভায় করোনা ভাইরাস সংক্রামণকালীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখাপড়ায় পিছিয়ে পড়া ও শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। | ৪.১.১. করোনা ভাইরাস সংক্রমণকালীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখাপড়ায় কিছুটা পিছিয়ে যাওয়া এবং বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্তিতি নিশ্চিত করাতে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫.১.১. সভায় অবহিত করা হয় যে, দেশীয় প্রজাতির মাছের ডিম ছাড়ার মৌসুমে বিভিন্ন খালে জাল দিয়ে ডিমওয়ালা মা মাছ নিধন করা হয়। এসব জাল অপসারণ না করলে দেশীয় মাছের প্রজণন সম্ভব হবে না। এতে মাছের ঘাটতি দেখা দেবে। | ৫.১.১. দেশীয় প্রজাতির মাছের ডিম ছাড়ার মৌসুমে বিভিন্ন খাল হতে জাল দ্রুত অপসারণ করে মা মাছকে ডিম ছাড়তে দিতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা শরণখোলা, |
| | উপজেলা প্রাণী সম্পদ দপ্তর | ৬.১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত থেকে এ দপ্তরের বিভিন্ন কার্যক্রমের বিষয়ে সকলকে অবহিত করেন। সভায় এ দপ্তরের সার্বিক কার্যক্রম সন্তোষজনক বলে সকলকে অবহিত করেন। | ৬.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৭.১. সভায় অবহিত করা হয় যে, শরণখোলা উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের সার্বিক কাজ সন্তোষজনক বলে সকলকে আবহিত করেন। | ৭.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শরণখোলা, |
| ০৮ | উপজেলা জনস্বাস্থ্য দপ্তর | ৮.১. উপজেলা জনস্বাস্থ্য সহ-প্রকৌশলী কর্মকর্তা, শরণখোলা বলেন, প্রতি বছর শরণখোলা উপজেলায় শুকনা মৌসুমে সুপেয় পানির ব্যাপক সংকট থাকায় এ বছর সংকট নিরোসনে প্রয়োজনীয় করণীয় বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৮.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সহ-প্রকৌশলী, শরণখোলা, |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিস | ৯.১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শরণখোলা উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কাজ সন্তোষজনক বলে সকলকে আবহিত করেন। | ৯.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | ১০.১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মা ও শিশু স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে নানা কার্মকান্ড বাস্তবায়ন করছে এবং এ উপজেলার পরিবার পরিকল্পনা দপ্তরের কার্যক্রম অত্যন্ত সন্তোষজনক। | ১০.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শরণখোলা। |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কর্যালয় | ১১.১. সভায় অবহিত করা হয় যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কর্যালয় হতে উপজেলার বিভিন্ন সড়ক ও স্থানে স্থাপিত সোলার স্ট্রীট লাইট ইতোমধ্যে বিকল হয়ে গেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১১.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিস | ১২.১.১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শরণখোলা উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের সার্বিক কাজ সন্তোষজনক বলে সকলকে আবহিত করেন। সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। | ১২.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিসার |
| ১৩ | উপজেলা বন বিভাগ | ১৩.১ শরণখোলা উপজেলা বন বিভাগের সার্বিক কাজ সন্তোষজনক বলে সকলকে আবহিত করেন। | ১৩.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, শরণখোলা, বাগেরহাট। |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ১৪.১.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। | ১৪.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |
| ১৫ | উপজেলা সমবায় অফিস | ১৫.১.উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। | ১৫.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, শরণখোলা, বাগেরহাট। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন অফিস | ১৬.১. শরণখোলা উপজেলা যুব উন্নয়ন অফিসার এ দপ্তরের সার্বিক কার্যক্রমের বিষয়ে সভায় আলোচনা করেন। | ১৬.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শরণখোলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ...া ...লার ...সাধারণের নিরাপত্তায় নির্মিতব্য বেরীবাধে ঝুঁকিপূর্ণ ফাটল | ১৭.১.সভায় অবহিত করা হয় যে, অতি ঝুঁকিপূর্ণ দুর্যোগ প্রবণ এলাকা হিসেবে শরণখোলা উপজেলাবাসীর জীবন রক্ষায় নির্মিতব্য বেরীবাধের (পোল্ডার ৩৫/১) সাউথখালী ইউনিয়নের গাবতলা বাজার হতে আশার আলো প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ঘূর্নিঝড় অশনির প্রভাবে কিছু কিছু জায়গায় ফাটল ধরেছে। সরেজমিন পরিদর্শন করে দেখাযায় যে, বেশ কিছু জায়গায় মারাত্মক ফাটলের সৃষ্টি হয়েছে। স্থানীয়রা জানায় যে, বেড়ীবাধটি নির্মাণের সময় মাটির পরিবর্তে বালিদিয়ে ভরাট করার কারণে বেরীবাধটি টেকসই না হওয়ায় এ ফাটলের সৃষ্টি হয়েছে এবং এ বেরীবাধ স্থায়ীত্বের বিষয়টি প্রশ্নবিদ্ধ হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১৭.১.১. শরণখোলা উপজেলাবাসীর জীবন রক্ষায় নির্মিতব্য বেরীবাধটি (পোল্ডার ৩৫/১) নির্মাণের সময় মাটির পরিবর্তে বালিদিয়ে ভরাট করার বেরীবাধটি টেকসই না হওয়ার কারণে ঘূর্নিঝড় অশনির প্রভাবে বেশ কিছু জায়গায় মারাত্মক ফাটলের সৃষ্ট হওয়ায় বিষয়টি অবগতির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়রম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট। |
| ১৮ | উপজেলা পরিষদের অভ্যন্তরের ঝুঁকিপূর্ণ গাছ কর্তণ | ১৮.১. সভায় অবহিত করা হয় যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিশেষ করে অফিস ভবন ও আবাসিক ভবন সংলগ্ন বড় বড় চাম্বল ও রেইনট্রি গাছ অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকা হিসেবে উক্ত গাছগুলো সিডড়সহ পরবর্তী নানা ঝড়ে আংশিক ভেঙ্গে গিয়ে বিনষ্টযোগ্য অবস্থায় পড়ে আছে। আকস্মিক ঝড়ে গাছের ডাল বা গাছ উপড়ে পড়লে সরকারি অফিস ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও উপজেলা চেয়ারম্যানের বাস ভবনসহ আবাসিক ভবনের ক্ষাতিসাধনসহ কর্মকর্তা ও কর্মচারীদের জীবনের হুমকি রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১৮.১.১. উপজেলা পরিষদের অভ্যন্তরে বিশেষ করে অফিস ভবন ও আবাসিক ভবন সংলগ্ন বিনষ্টযোগ্য গাছগুলো আকস্মিক ঝড়ে উপড়ে পড়ে সরকারি অফিস ভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও উপজেলা চেয়ারম্যানের বাস ভবনসহ আবাসিক ভবনের ক্ষতিসাধনসহ কর্মকর্তা ও কর্মচারীদের জীবনের জন্য সমূহ হুমকি থাকায় অতীব জরুরী প্রয়োজনীয়তার বিবেচনায় মরা ও বিনষ্টযোগ্য গাছগুলো দ্রুত কর্তণের প্রয়োজনীয় করণীয় বিষয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়রম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সামাজিক বন কর্মকর্তা শরণখোলা, বাগেরহাট। |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রায়হান উদ্দিন শান্ত)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং: ০৫.৪৪.১৭৭.০০০.০৭.০১৩.২০১৯-১৫৮(১)

তারিখঃ ১২/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০৭। উপজেলা.......................................................................অফিসার, শরণখোল, বাগেরহাট।
০৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০৯। চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ (সকল), শরণখোলা।

উপজেলা নির্বাহী অফিসার
শরণখোলা, বাগেরহাট।

CamScanner